## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
## মুখপাত্র
## www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৬৪

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৭২তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৭২তম কমিশন সভা গত ০৯/০৯/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। Sustainable Bond তথা Social Bond, Orange Bond, Gender Bond ও Green Bond ইস্যুর সুযোগ সৃষ্টির জন্য Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021-এর সংশোধনী প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। খসড়া সংশোধনী জনমত যাচাইয়ের জন্য কমিশনের ওয়েবসাইট ও পত্রিকায় প্রকাশ করা হবে।

২। ট্রাস্টি Bangladesh General Insurance Company Limited কর্তৃক Asian Tiger Sandhani Life Growth Fund এর মেয়াদ পূর্তিতে অবলুপ্তির জন্য গৃহীত সকল পদক্ষেপ সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত হয়েছে কমিশন। ফান্ডের অর্থ ইউনিটহোল্ডারদেরকে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। ২৪ মে ২০২১ হতে ০৫ জুলাই ২০২১ পর্যন্ত New Line Clothings Limited (NEWLINE) এর শেয়ার লেনদেনে কারসাজি করে সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে Mr. Md. Riaz Mahmud Sarkar-কে ১.১৪ (এক দশমিক চৌদ্দ) কোটি টাকা, Mr. Abul Bashar-কে ৪.০২ (চার দশমিক শূন্য দুই) কোটি টাকা, Sarkar Printing and Publishing-কে ৪.২৮ (চার দশমিক আটাশ) কোটি টাকা, Mr. Md. Selim-কে ১.৬৯ (এক দশমিক ঊনসত্তর) কোটি টাকা ও Mr. Jamil-কে ২.২০ (দুই দশমিক বিশ) কোটি টাকা অর্থদণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। ২৪ এপ্রিল ২০২১ হতে ০৯ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত Pioneer Insurance Company Ltd. (PIONEERINS) এর শেয়ার লেনদেনে কারসাজি করে সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে NRB Bank এর তৎকালীন CFO- Mr. Mohammad Kamrul Hasan-কে ৭৫.০০ (পঁচাত্তর) লক্ষ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও পদগ্রহণ, চাকুরি ও সিকিউরিটিজ লেনদেনসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট ক্ষেত্রে অংশগ্রহণ করা হতে তাঁকে ৫ (পাঁচ) বছরের জন্য নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

একই সময়ে উক্ত শেয়ার লেনদেনে কারসাজি করে সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে Sheikh Farook Ahmad-কে ৩০.৩২ (ত্রিশ দশমিক বত্রিশ) কোটি টাকা অর্থদণ্ডে দণ্ডিত করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। Fortune Shoes Limited-এর শেয়ার লেনদেনের কারসাজিতে সংশ্লিষ্টতা থাকায় Investment Corporation of Bangladesh (ICB) এর জড়িত কর্মচারীদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য এ সংক্রান্ত অনুসন্ধান ও তদন্ত প্রতিবেদনটি দুর্নীতি দমন কমিশন ও অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত শেয়ার লেনদেনের কারসাজিতে জড়িত থাকায় Mr. Md. Abul Khayer ও তার সহযোগীদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য এ সংক্রান্ত অনুসন্ধান ও তদন্ত প্রতিবেদনটি দুর্নীতি দমন কমিশনে প্রেরণ এবং সরকারি কর্মচারী হিসেবে Mr. Md. Abul Khayer এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করার জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বরাবর পত্র প্রেরণেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১০/০৯/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র